# ধর্মনিরপেক্ষতা ও তার কুফল

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

সকল প্রশংসা আল্লাহ তা‘আলার জন্য, সালাত ও সালাম নাযিল হোক তার রাসূল মুহাম্মদের উপর, তার পরিবারবর্গ ও তার সকল সাথীর উপর। অতঃপর,

মুসলিম জাতি বর্তমান সময়ে তার ইতিহাসের সবচেয়ে দুরবস্থা পার করছে, সে আজ দুর্বল-লাঞ্ছিত; তার ঘাড়ে চেপে বসেছে নিকৃষ্ট জাতি ইয়াহূদী, খৃস্টান ও মূর্তিপূজারিরা। কারণ তারা নিজেদের দ্বীন থেকে বিচ্যুত, যে দ্বীনকে আল্লাহ অন্ধকার থেকে আলোয় নিয়ে আসার জন্য হিদায়েত ও পথপ্রদর্শক স্বরূপ নাযিল করেছেন-সে দিন থেকে তারা বিচ্যুত, এটাই একমাত্র কারণ।

দ্বীন থেকে এ বিচ্যুতি শুরুতে মুসলিম উম্মাহর এক শ্রেণির মধ্যে সীমাবদ্ধ ছিল, কিন্তু এখন তা সম্প্রসারিত হয়ে এ মুসলিম জাতির বিরাট সংখ্যক লোকের মাঝে বিস্তার লাভ করেছে। ধর্মনিরপেক্ষতার ফলে জাতীয় পর্যায়, আন্তর্জাতিক পরিসর, গবেষণার জগত ও মিডিয়ার রাজ্যে দিনদিন ইসলাম থেকে দূরত্ব বাড়ছে। যার ফলে মুসলিমরা আজ এতটাই বিচ্যুত যে, হিদায়েত ও তাকওয়ার মূল উৎস দ্বীনের দিকে দ্বিতীয়বার ফিরে আসার প্রয়োজন বোধ করছে না।

এ জন্য ‘ধর্মনিরপেক্ষতা ও তার কুফল’ নামক সংক্ষিপ্ত নিবন্ধটি মুসলিম দেশে প্রচার করছি, হয়তো সে ‘ধর্মনিরপেক্ষতা’র প্রকৃত অবস্থা, মূল উৎস, দ্বীনের উপর তার কঠিন আঘাত ও ধ্বংসাত্মক প্রভাব সম্পর্কে মুসলিম জাতিকে সজাগ করবে, অতঃপর তারা তা থেকে দ্রুত আত্মরক্ষা গ্রহণ করবে ও প্রতিরোধের ব্যবস্থা নিবে। এ মতবাদ ও তার অনুসারীদের প্রত্যাখ্যান করবে এবং তাদেরকে আল্লাহর ইচ্ছায় নির্মূল করতে পারবে। তাহলে আমরা আমাদের দ্বীনের দিকে ফিরে যেতে পারব, আমাদের হারানো সম্মান ফিরে পাব, ইনশাআল্লাহ। আল্লাহ তা‘আলা বলেন:

﴿ وَلِلَّهِ ٱلۡعِزَّةُ وَلِرَسُولِهِۦ وَلِلۡمُؤۡمِنِينَ ٨ ﴾ [المنافقون: ٨]

“ইয্যত একমাত্র আল্লাহর জন্য, তার রাসূলের জন্য ও মুমিনদের জন্যই”।[1]

আল্লাহর নিকট প্রার্থনা করছি, তিনি নিজ অনুগ্রহে আমাদেরকে সঠিক পথ ও পদ্ধতির অনুসরণ করার তৌফিক দান করুন।

মুহাম্মদ শাকের আশ-শারীফমক্কাতুল মুকাররামাহ

## ফুটনোট

[1] সূরা তাগাবুন: (৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=10665

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন